

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির মার্চ/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নিতাই গাইন, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
 স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন। সভার তারিখ : ০৩/০৩/২০২২ খ্রিঃ।
 সময় : ১১.০০ ঘটিকা।
 উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট -“ক”তে দেখানো হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব নিম্নোক্তভাবে যুব উন্নয়ন অধিদপ্তরের চলমান কার্যক্রম উপস্থাপন করেন।

- (ক) প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সংক্রান্ত।
- (খ) যুব ঋণ কার্যক্রম সংক্রান্ত।
- (গ) খেলা ধুলা।
- (ঘ) বিবিধ।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক)	<p>প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সংক্রান্ত : ২০২১ - ২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য প্রধান কার্যালয় থেকে ১৪ টি ব্যাচের বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে ইতিমধ্যে ১১ টি ব্যাচের প্রশিক্ষণ শেষ হয়েছে। বাকী ০৩ টি ব্যাচের মধ্যে হাটবাটি আশ্রয়ন কেন্দ্রে চলতি মাসে ০১ ব্যাচ প্রশিক্ষণ প্রদান করা হবে। বাকী ০২ টি পর্যায় ক্রমে এপ্রিল/২২ এর মধ্যে সমাপ্ত করা হবে। চলতি অর্থবছর থেকে প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা বাবদ দিন প্রতি ১০০/- টাকা হারে প্রদান করা হয়।</p> <p>তাছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় অত্র উপজেলায় ২০ জনের একটা মোবাইল ফোন সার্ভিসিং বিষয়ের উপর প্রশিক্ষণের অনুমোদন হয়েছে। খুব দ্রুত উপযুক্ত কর্তৃপক্ষের সাথে আলোচনা করে প্রশিক্ষণের বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।</p>	<p>যুব উন্নয়ন অধিদপ্তর ও উপজেলা পরিষদ সম্মিলিত ভাবে যুব প্রশিক্ষিত চাহিদা মোতাবেক প্রশিক্ষিত বাস্তবায়ন করতে হবে। বাজেট বরাদ্দ সাধ্যমতো প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>মোবাইল ফোন সার্ভিসিং প্রশিক্ষণে প্রকৃত সুবিধাভোগীদের নির্বাচন করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।</p>	<p>উপজেলা পরিষদ ও যুব উন্নয়ন অধিদপ্তর</p>
(খ)	<p>যুব ঋণ কার্যক্রম সংক্রান্ত : অত্র উপজেলায় প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক যুব ঋণ প্রদান অব্যাহত আছে। যুব ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কতিপয় ঋণ খেলাপীদের বার বার তাগাদা ও সদস্য সচিব নিজে নোটিশ প্রদান করা সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন। তাই সদস্য সচিব সভায় সেটি উপজেলা নির্বাহী কর্মকর্তা যুব ঋণ কমিটির সভাপতি বিধায় নির্বাহী কর্মকর্তার মাধ্যমে নোটিশ প্রদানের ব্যাপারে আলোচনা করেন।</p>	<p>যুব ঋণকে গতিশীল করার জন্য খেলাপী ঋণীদের নিকট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>ইউ এন ও যুব উন্নয়ন অধিদপ্তর</p>
(গ)	<p>খেলাধুলা সংক্রান্ত : যুব সমাজকে সুস্থ ও সুন্দর জীবন গড়ার ক্ষেত্রে খেলাধুলার বিকল্প নাই। অত্র কমিটির সম্মানিত সদস্য জনাব পার্থ প্রতিম মন্ডল সভায় জানান যে, বটিয়াঘাটা উপজেলায় অনূর্ধ্ব ১৭ মেয়েদের ফুলবল টিমের বেশ সুনাম রয়েছে। তাদের যদি মান সম্মত প্রশিক্ষণ প্রদান করা যায় তা হলে বটিয়াঘাটা দলকে জাতীয় পর্যায়ে নিয়ে যাওয়া সম্ভব। তিনি অনূর্ধ্ব ১৭ মেয়েদের ফুলবল দলকে উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করার প্রস্তাব করেন।</p> <p>তাছাড়া সভাপতি জনাব নিতাই গাইন, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা জানান যে, শুধুমাত্র ফুটবল না, এর সাথে ভলিবল ও ক্রিকেট এর ও প্রশিক্ষণের ব্যবস্থা করা দরকার।</p>	<p>প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা পরিষদ</p>
(ঘ)	<p>বিবিধ : সভায় বিগত সভার বিভিন্ন বিষয়ে আলোচনার পাশাপাশি মহিলা ভাইস চেয়ারম্যান অত্র কমিটির সফলতার কথা উপস্থাপন করেন। আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি মহোদয় বিগত ও অদ্য সভার রেজুলেশন প্রস্তুত করে জমা দানের কথা উল্লেখ করেন।</p>		



সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় অত্র সভার সভাপতি আগামী সভার প্রস্তুতি যেন সঠিক সময়ে যথা নিয়মে অনুষ্ঠিত হয়।
সে আশাবাদ এবং সবার সু-স্বাস্থ্য কামনা করে সভা শেষ করেন।


(নিতাই গাইন)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ বটিয়াঘাটা, খুলনা।

ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং ৩৪.০১.৪৭১২.০০০.০৬.১৬২.২০২২- ৭৪০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
০৩। ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা, খুলনা।
০৪। (সদস্য), বটিয়াঘাটা, খুলনা।
০৫। অফিস কপি।

তারিখ : ০৩/০৩/২০২২খ্রিঃ



(আমজাদ হোসেন সরদার)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
বটিয়াঘাটা, খুলনা।

“পরিশিষ্ট -ক”

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
০১।	জনাব, শ্রীমতি চঞ্চলা মন্ডল, ভাইস চেয়ারম্যান, (সদস্য)	স্বাক্ষরিত ০৩/০৩/২০২২
০২।	জনাব, জি, এম, মিলন, চেয়ারম্যান ৭ নং আমিরপুর, ইউপি, (সদস্য)	”
০৩।	জনাব, পার্থ প্রতিম মন্ডল, ক্রীড়া শিক্ষক, বটিয়াঘাটা সরকারী কলেজ (সদস্য)	”
০৪।	জনাব, আমজাদ হোসেন সরদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও (সদস্য সচিব)	”